



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

উন্মুক্ত দরপত্র আহ্বান

বিজ্ঞপ্তি নং- ১১৭/২০১৮

তারিখ : ০৮/০৪/১৪২৫ বঙ্গাব্দ
২৩/০৭/২০১৮ খ্রিস্টাব্দ

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ৮টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে 'সিনিয়র অফিসার (সাধারণ)' এর ১৬৬৩টি শূন্য পদে সমন্বিতভাবে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test ও লিখিত পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের ই-টেন্ডার বিজ্ঞপ্তি।

ক্রম	শিরোনাম	বিবরণ
১	কাজের নাম	ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত ৮টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে 'সিনিয়র অফিসার (সাধারণ)' এর ১৬৬৩টি {সোনালী ব্যাংক লিমিটেড এ ৫২৭টি, জনতা ব্যাংক লিমিটেড এ ১৬১টি, রূপালী ব্যাংক লিমিটেড এ ২৮৩টি, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড এ ৩৯টি, বাংলাদেশ কৃষি ব্যাংক এ ৩৫১টি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এ ২৩১টি, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এ ০১টি ও ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ(আইসিবি) এ ৭০টি} শূন্য পদে সমন্বিতভাবে নিয়োগের উদ্দেশ্যে প্রবেশপত্র ডাউনলোডকৃত ২,১৩,৫২৫ জন প্রার্থীর একই দিনে ১(এক) সেশনে অভিন্ন প্রশ্নপত্র সম্বলিত একাধিক সেটে ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে ০১ ঘণ্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test এবং কম/বেশী ১৭,০০০ জন প্রার্থীর অভিন্ন প্রশ্নপত্রে ভিন্ন একটি তারিখে ০২ ঘণ্টা ব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণান্তে মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ফলাফল তালিকা (হার্ড কপি ও সফট কপি) প্রণয়ন ও প্রদান।
২	যোগ্যতা ও অভিজ্ঞতা	সরকার কর্তৃক অনুমোদিত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট/কনসাল্টিং ফার্ম যাদের বিগত ৫(পাঁচ) বৎসরের মধ্যে (টেন্ডার দাখিলের তারিখ হতে) এক বা একাধিক কার্যদেশ/চুক্তির আওতায় একক আয়োজনে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কমপক্ষে ১০০,০০০(এক লক্ষ) জন প্রার্থীর নিয়োগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল তৈরীর অভিজ্ঞতা রয়েছে এরূপ প্রতিষ্ঠান।
৩	নির্দেশিকা ও সিডিউল	বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী সম্বলিত দরপত্র সিডিউল বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট www.bb.org.bd এর e-Tender-এ পাওয়া যাবে।
৪	অংশগ্রহণ কার্যক্রম	উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ই-টেন্ডারিং-এ অংশগ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটে (www.bb.org.bd) রেজিস্ট্রেশন সম্পন্ন করতঃ নিজ নিজ ক্ষেত্রে প্রবেশ করে আর্থিক প্রস্তাবের নির্ধারিত ফরম পূরণপূর্বক যোগ্যতা, অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদির সত্যায়িত কপি আপলোড করতে হবে। দরপত্র সংশ্লিষ্ট প্রামাণ্য যাবতীয় কাগজপত্রাদি ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এর মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।
৫	দাখিলের শেষ সময়	০২/০৮/২০১৮ তারিখ দুপুর ১০.১০ টা পর্যন্ত।
৬	খোলার সময়	০২/০৮/২০১৮ তারিখ দুপুর ১০.২০ টায় দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এর মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে অনলাইনে খোলা হবে।
৭	অন্যান্য শর্ত	অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয় এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-

(মোঃ মোশাররফ হোসেন খান)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি